

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং -৪৫.০১.০০০০.১৪০.৮০.০০১.১৯-১৫৮৫

তারিখঃ ২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ


বিষয়ঃ ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা (বর্তমানে মানিকগঞ্জ কর্ণেল মালেক মেডিকেল কলেজে সচিব পদে প্রেষণে কর্মরত) জনাব এম. এ. রাজ্জাক এর নিয়োগকৃত বেতন স্কেল ১০ম গ্রেড নির্ধারণ।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রা-৩/আর-৮০/২০০৭/১৪০৫, তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন প্রকল্পের উন্নয়ন খাতে ১০তম গ্রেডের প্রশাসনিক কর্মকর্তা পদ সৃজন করা হয় এবং জনাব এম এ রাজ্জাক-কে প্রকল্পের অনুমোদিত নিয়োগবিধি অনুযায়ী সৃজনকৃত ১০ম গ্রেডের প্রশাসনিক কর্মকর্তা পদে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক উন্নয়ন খাতে নিয়োগ প্রদান করা হয় (পতাকা-ক)। পরবর্তীতে ফরিদপুর ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল স্থাপন শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের ২৪৬টি পদ ০১/০৭/১৯৯৫ সাল থেকে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে রাজস্বখাতে স্থানান্তর করা হয় (পতাকা-খ)। রাজস্বখাতে স্থানান্তরের সময় প্রশাসনিক কর্মকর্তার পদের বেতন গ্রেড ১০ম গ্রেডের পরিবর্তে ১১তম গ্রেডে নির্ধারণ করে রাজস্বখাতে স্থানান্তরের জিও জারি করা হয় (পতাকা-গ)। উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরাধীন ২৪টি সিভিল সার্জন এর কার্যালয়, ০৮টি পুরাতন মেডিকেল কলেজ, মেডিকেল কলেজ হাসপাতালসহ অন্যান্য সকল ইনস্টিটিউট ও হাসপাতালের বিদ্যমান প্রশাসনিক কর্মকর্তা পদসমূহের বেতন গ্রেড ১০ম গ্রেডের। একই নিয়োগবিধির আওতায় ০২ ধরনের বেতন গ্রেডের (১০ ও ১১ তম) প্রশাসনিক কর্মকর্তা পদ বিদ্যমান থাকায় প্রশাসনিক কাজের জটিলতা সৃষ্টি হচ্ছে। আরো উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ে গেরিড স্বাস্থ্য অধিদপ্তরের খসড়া নিয়োগবিধিতে হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা পদটি ১০ম গ্রেড হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে (পতাকা-ঘ)।

২। এমতাবস্থায়, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা (বর্তমানে মানিকগঞ্জ কর্ণেল মালেক মেডিকেল কলেজে সচিব পদে প্রেষণে কর্মরত) জনাব এম. এ. রাজ্জাক এর বেতন গ্রেড ১১তম থেকে ১০ গ্রেডে পুনঃনির্ধারণের বিষয়ে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে


২৩/১১/২০২০
(জাকিয়া পারভীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (বাস্তবায়ন)]

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। জনাব এম এ রাজ্জাক, প্রশাসনিক কর্মকর্তা, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর (বর্তমানে প্রেষণে মানিকগঞ্জ মেডিকেল কলেজে কর্মরত)।